

ভারতে রাষ্ট্রীয় সফরে মায়ানমারের প্রেসিডেন্ট (আগস্ট ২৭-৩০, ২০১৬)

মায়ানমার যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মহামান্য ইউ হিতিন কিয়াও ভারতে রাষ্ট্রীয় সফর করবেন আগস্ট ২৭-৩০, ২০১৬। ভারতের রাষ্ট্রপতি মহামান্য শ্রী প্রণব মুখোপাধ্যায়ের আমন্ত্রণে এই সফর।

২০১৬ সালের মার্চ মাসে মায়ানমারে নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর এটাই মায়ানমার প্রেসিডেন্টের প্রথম রাষ্ট্রীয় সফর।

মায়ানমার প্রেসিডেন্টের সফরসঙ্গী হবেন তাঁর স্ত্রী ডাও সু সু এলউইন, বিভিন্ন মন্ত্রী এবং উর্ধ্বতন কর্মকর্তারা।

সফরকালে মায়ানমার প্রেসিডেন্ট নয়াদিল্লি তে ব্যস্ত থাকবেন সরকারি কাজে এবং এছাড়াও তিনি ভারতের ঐতিহাসিক এবং সাংস্কৃতিক স্থান পরিদর্শন করবেন।

মায়ানমার প্রেসিডেন্টের এই সফর দু'দেশের মধ্যে ঐতিহ্যগত ঘনিষ্ঠ সম্পর্ককে জোরদার এবং প্রসারিত করবে।

নয়াদিল্লি

আগস্ট ২৪, ২০১৬